

# প্রাথমিক শিক্ষা ব্র্যাকের হাতে দেয়া হবে আত্মহত্যার শামিল

**শিক্ষা আন্দোলন মঞ্চের আলোচনায় বক্তারা**  
 বিশ্ববিদ্যালয় রিপোর্টার: শিক্ষা আন্দোলন মঞ্চ আয়োজিত আলোচনা সভায় প্রাথমিক শিক্ষাকে ব্র্যাকের হাতে তুলে দেয়ার সিদ্ধান্তকে আত্মহত্যার শামিল হিসেবে উল্লেখ করে বক্তারা বলেছেন, প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব। একে বেসরকারীকরণের মাধ্যমে রাষ্ট্রের ভূমিকাকে সংকুচিত করা হয়েছে। আলোচনা সভায় বক্তারা প্রাথমিক শিক্ষাকে ব্র্যাকের হাতে তুলে দেয়ার সিদ্ধান্ত ব্যতীল এবং এ দাবিতে প্রাথমিক শিক্ষকদের আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে গতকাল (সোমবার) সকালে প্রাথমিক শিক্ষার দায়িত্ব ব্র্যাকের উপর অর্পণ ও নাগরিকের শিক্ষার অধিকার শীর্ষক এ আলোচনা সভা অনুষ্ঠিত **১১০ ক ১৪**

## প্রাথমিক শিক্ষা ব্র্যাকের হাতে

১২-৩৪ পৃষ্ঠার পর  
 হয়। শিক্ষা আন্দোলন মঞ্চের সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয় পদ্মবিজ্ঞান বিভাগের প্রফেসর অমর কায়সার সভাপতিত্বে আলোচনা সভায় আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রফেসর আকমল হোসেন বলেন, শিক্ষার প্রতি ভালোবাসা থেকে নয় বরং উদ্দেশ্যবাদের অধীনস্থিত বিষয় জড়িত বলেই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। রাষ্ট্রের কর্তব্যই হচ্ছে সরকারের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা। কিন্তু একে বেসরকারীকরণের মাধ্যমে রাষ্ট্রের ভূমিকাকে সংকুচিত করা হয়েছে। তিনি আরো বলেন, এনজিওর হাতে শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্ব দেয়া আত্মহত্যারই শামিল। তিনি একজন প্রাথমিক শিক্ষকদের আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর শহীদুল ইসলাম বলেন, বিদ্যাক্ষেত্র, প্রতিষ্ঠা ও আইএনএফএর সম্মেলনাবাদী চরিত্রেরই হচ্ছে সাহায্য। বিদ্যাক্ষেত্রের এ প্রকল্পই একটা প্রজেক্ট হচ্ছে প্রাথমিক শিক্ষাকে এনজিওর হাতে ছেড়ে দেয়া। তিনি এ ব্যাপারে সর্বমুখক আন্দোলন গড়ে তোলার জন্য প্রাথমিক শিক্ষকদের আহ্বান জানান। সরকারী প্রাথমিক শিক্ষক ফেডারেশনের আহ্বায়ক নূর মোহাম্মদ বলেন, আমরা হত্যার পেছনখিন্দু দিয়ে হলেও সকল প্রাথমিক শিক্ষকরা ঐক্যবদ্ধভাবে এ সিদ্ধান্তের বিরুদ্ধে ক্রমে দাঁড়াবেন। সভাপতিত্ব বক্তব্যে প্রফেসর অমর কায়সার বলেন, প্রাথমিক শিক্ষাই হচ্ছে শিক্ষার মূল ভিত্তি। তাই একে বেসরকারী প্রতিষ্ঠানের হাতে ন্যস্ত করলে এটাই হচ্ছে মূল্যহীন হবে না। তিনি অর্ধশতাব্দী সরকারের এ সিদ্ধান্ত তুলে দেয়ার আহ্বান জানান। আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন দুর্বিজ্ঞানের সহযোগী অধ্যাপক এইচকেএস আরেফিন, ট্রিনিটিয়াল সাহিত্যিক বিভাগের প্রধান প্রফেসর মাহমুদুল রহমান, শিক্ষা আন্দোলন মঞ্চের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম তপন, ছাত্র ফেডারেশনের সভাপতি জগদীশ্বর রহমান, ছাত্র ইউনিয়নের সভাপতি ধান আসাদুল্লাহমান মাসুদ, ছাত্রসংসদে সভাপতি ফকরুদ্দিন কবির আতিক হান্নন। উল্লেখ্য, চলতি বছরের ২০ এপ্রিল সরকার একটি পরিপত্র জারির মাধ্যমে প্রাথমিক শিক্ষার দায়িত্ব ব্র্যাকের হাতে ন্যস্ত করে।